

2017

BENGALI

( Modern Indian Language )

*Full Marks : 80*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও :  $1 \times 10 = 10$

- (ক) সপ্তাহের কোন্ বারে ‘জ্ঞানতরঙ্গিনী’ সভা’র অধিবেশন আয়োজিত হত ?
- (খ) “কর্তা বোধ করি এখনো বাড়ির ভেতর থেকে বেরোননি। (উচ্চস্বরে) ওরে বোদে !” এই ‘বোদে’র প্রকৃত নাম কী ?
- (গ) “ও যা, ছি ! ইংরিজী পড়লে কি লোক এত বেহায়া হয় গো !” কার উক্তি ?
- (ঘ) “একে কি কেউ খেলা বলে ? তুই আমার টেক্কার উপর বিবি দিলি !” নবকুমারদের বাড়ির অন্দরমহলের মহিলারা কোন্ ‘খেলা’ খেলছিল ?
- (ঙ) ‘শ্রীমতাগবদ্ধীতা’ উচ্চারণ করতে কালীনাথ কী উচ্চারণ করেছিল ?

- (চ) প্রতাপাদিত্যের পিতার নাম কী ?
- (ছ) “পরম্পরায় শুনা গেল, সেনাপতি মশাইয়ের ঘরে চোর পড়েছিল।” ‘সেনাপতি মশাই’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (জ) ধনঞ্জয় বৈরাগীর নিবাস কোথায় ছিল ?
- (ঘ) “আজ রাতে আমি রামচন্দ্রের ছিম মুণ্ড দেখতে চাই।” প্রতাপাদিত্য কাকে রামচন্দ্রকে হত্যার আদেশ দিয়েছিলেন ?
- (ঙ) রামমোহন বিভার জন্য কী উপহার এনেছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

 $2 \times 5 = 10$ 

- (ক) কালীনাথের পরম বৈষ্ণব খুঁড়োর নাম কী ? তিনি কোথায় মৃত্যুবরণ করেছিলেন ?
- (খ) নবকুমার ও কালীনাথের আগমনের দেরি দেখে ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশনের চেয়ারম্যান হিসেবে কার নাম প্রস্তাব করা হয়েছিল ? কে প্রস্তাব করেছিলেন ?
- (গ) “অন্তঃপুরের প্রহরীদের এখনই ডেকে নিয়ে এসো। অন্তঃপুরের পাহারায় কে কে ছিল ?” প্রতাপাদিত্যের অন্তঃপুরের দুই প্রহরীর নাম লেখো।
- (ঘ) “আমাদের মহারাজের ভয়ে যম কাঁপে, কিন্তু ওঁর ভয়ড়ে নেই। যাতে তাঁরই উপরে সব রাগ পড়ে তিনি ইচ্ছে করেই যেন তার জোগাড় করছেন।” বক্তা কে ? কার সম্বন্ধে এ কথা বলা হয়েছে ?
- (ঙ) পিতৃরাজ্য পরিত্যাগ করে উদয়াদিত্য কোন হানে যাত্রা করেছিলেন ? কে তাঁর সঙ্গী হয়েছিলেন ?

- ৩। ‘ক’ শব্দ থেকে দুটি প্রশ্নের এবং ‘খ’ শব্দ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$

ক—শব্দ

- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের ‘সারজন’ চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) ‘একেই কি বলে সভ্যতা’র দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্ক অবলম্বনে নবকুমারদের বাড়ির অন্দরমহলে রঞ্জ-রসিকতার যে সুনিপুণ পরিচয় ফুটে উঠেছে তার বর্ণনা দাও।
- (গ) ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশন দৃশ্যটি আলোচনা করো।

খ—শব্দ

- (ক) প্রতাপাদিত্য জামাতা রামচন্দ্রকে হত্যা করতে চেয়েছিলেন কেন ? রামচন্দ্র কীভাবে প্রাণ রক্ষা করতে সমর্থ হয়েছিলেন তা আলোচনা করো।
- (খ) ‘প্রায়শিষ্ট’ নাটকে রামমোহন মালের চরিত্র বিশ্লেষণ করো।
- (গ) “আর এই আমাদের রাজা। ওকে রাজা বলতে চাই, বন্ধু বলে ফেলি।” কে এই উক্তি করেছিলেন ? কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছিল ? বক্তা তাঁকে ‘রাজা’ বলতে গিয়ে ‘বন্ধু’ বলে ফেলেন কেন ? সংক্ষেপে আলোচনা করো।

৪। 'ক' শব্দ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' শব্দ থেকে দুটি প্রশ্নের  
উত্তর দাও :

$$10 \times 8 = 80$$

### ক—শব্দ

- (ক) “‘একেই কি বলে সভ্যতা’ শব্দ এক দিনের ঘটনা  
লইয়া লিখিত ইইয়াছে।” সমালোচকের এই মন্তব্যের  
সার্থকতা বিচার করো।
- (খ) “‘একেই কি বলে সভ্যতা’র মধ্যে সমগ্র ‘ইংং বেঙ্গল’  
সমাজ মাইকেলের বণ্ণীয় বিষয়।” সমালোচকের এই  
মন্তব্যের পরিপ্রেক্ষিতে এই প্রহসনে প্রতিফলিত  
সমাজচিত্রের আলোচনা করো।
- (গ) “আজ কি কুলগ্রেই বাড়ী থেকে বেরয়েছিলেন।”  
‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের বৈকল্পিক  
দুরবস্থার কথা ব্যক্ত করো।
- (ঘ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটিতে হাস্যরস সৃষ্টিতে  
লেখকের পারদর্শিতার পরিচয় দাও।

### খ—শব্দ

- (ক) ‘প্রায়শিক্ত’ নাটকের উদ্যাদিত্য ও বিভার আধ্যানের  
মাধ্যমে ভাই-বোনের সম্বন্ধের যে পরিচয় উভাসিত হয়ে  
উঠেছে তা আলোচনা করো।
- (খ) ‘প্রায়শিক্ত’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (গ) ‘প্রায়শিক্ত’ নাটকের বসন্ত রায় চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঘ) “নিষ্ঠুর পশুশক্তির সহিত ঘানুমের অহিংস আত্মিক  
শক্তির দ্বন্দ্ব হইতেই আলোচ্য নাটকের প্রাণবন্ত গড়িয়া  
উঠিয়াছে।” ‘প্রায়শিক্ত’ নাটক সমন্বয়ে সমালোচকের এই  
মন্তব্যের আলোকে নাটকটির আধ্যানভাগ বিশ্লেষণ করো।

★ ★ ★